

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৬৫৪(আগরতলা, ১১৮)  
শান্তিরবাজার, ১১ আগষ্ট, ২০১৭

### শান্তিরবাজারে সুকান্ত জন্ম জয়ন্তী উদযাপনের প্রস্তুতি

৭১তম স্বাধীনতা দিবস উদযাপন এবং কবি সুকান্ত ভট্টাচার্যের ৯২তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে দেশাত্মবোধক সঙ্গীত ও আবৃত্তি প্রতিযোগিতা আগামী ১৪ আগষ্ট শান্তির বাজার কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। মহকুমা প্রশাসন, শান্তিরবাজার পুর পরিষদ এবং তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠান ঐদিন সকাল ১০টায় এর উদ্বোধন করবেন শান্তিরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন রতন চন্দ্র দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে শান্তিরবাজার মহকুমা শাসক, বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান এবং বকাফা ব্লকের বি ডি ও উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন শান্তিরবাজার পুরপরিষদের সাংস্কৃতিক ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুবল চন্দ্র দাস।

\*\*\*\*\*

This document is a scanned copy of a message. To remove this message purchase the product at [www.SmartPDFConverter.com](http://www.SmartPDFConverter.com)